আন্ গো তোরা কার কী আছে,
দেবার হাওয়া বইল দিকে দিগন্তরে –
এই সুসময় ফুরায় পাছে ।
কুঞ্জবনের অঞ্জলি যে ছাপিয়ে পড়ে,
পলাশকানন ধৈর্য হারায় রঙের ঝড়ে,
বেণুর শাখা তালে মাতাল পাতার নাচে ॥
প্রজাপতি রঙ ভাসালো নীলাম্বরে,
মৌমাছিরা ধ্বনি উড়ায় বাতাস-'পরে ।
দখিন-হাওয়া হেঁকে বেড়ায় 'জাগো জাগো,'
দোয়েল কোয়েল গানের বিরাম জানে না গো –
রক্ত রঙের জাগল প্রলাপ অশোক-গাছে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Paraj-Basanta
Visit www.geetabitan.com for notation and other detail